

রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর  
ঢাকা-১০০০  
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনসি/২০১৬/৯২

তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

**বিষয়: আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস, ৫ মে ২০১৬ উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রকাশনার জন্য লেখা আহ্বান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এবছরও বাংলাদেশ নার্সিং কাউন্সিলের উদ্যোগে আগামী ৫ মে ২০১৬ইং তারিখে “আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস” উদযাপন করা হবে। তদুপলক্ষে এক বর্ণাঢ্য র্যালী এবং উক্ত দিবসের তাৎপর্য তুলে ধরে অনুষ্ঠানমালার আয়োজনসহ একটি প্রকাশনা বের করতে যাচ্ছে। সেবা পরিদপ্তরের সহযোগিতা এবং ইউএনএফপিএ’র কারিগরি সহায়তায় অনুষ্ঠিতব্য উক্ত অনুষ্ঠানমালা ও প্রকাশনার কাজকে সুন্দর ও সমৃদ্ধ করার জন্য দেশের নার্স মিডওয়াইফ, সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষানবিশ মিডওয়াইফদের নিকট থেকে সহযোগিতা প্রত্যাশা করা হচ্ছে। সরকারী/বেসরকারী পর্যায়ের সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কেন্দ্রসহ হাসপাতালের নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান প্রাতিষ্ঠানিক ভাবে ও ব্যক্তিগত ভাবে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবে।

১। প্রকাশনার জন্য মিডওয়াইফারি বিষয়ে তথ্যভিত্তিক ও অভিজ্ঞতাসমৃদ্ধ প্রবন্ধ, গল্প, কবিতা/ইত্যাদি লেখা আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, আগ্রহী প্রতিষ্ঠান, বিভাগ এবং ব্যক্তিকে আগামী ২০-০৩-২০১৬ইং তারিখের মধ্যে প্রকাশনার জন্য লেখা নিম্ন ঠিকানা অথবা ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং কাউন্সিল এবং

আহবায়ক

আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৬ উদযাপন কমিটি

ফোনঃ ৯৫৬১১১৬, ৯১২৬১৩৩, ৯৫৬৪১৫৯

ফ্যাক্স-৯৫৬১১১৬

ই-মেইলঃ info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনসি/২০১৬/৯২/১(১০০)

তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

- ১। অধ্যক্ষ / ইনচার্জ ----- নার্সিং কলেজ / নার্সিং ইনস্টিটিউট (সংশ্লিষ্ট মিডওয়াইফারি ইনস্টিটিউট)।
- ২। নার্সিং সুপারভাইজার -----মেডিকেল কলেজ হাসপাতাল।
- ৩। সেবা তত্ত্বাবধায়ক ----- জেনারেল / সদর / আধুনিক হাসপাতাল।
- ৪। জনাবা . . . . .



রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং কাউন্সিল